



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৩৮২২১/শেরপুর-৮১/৬৫৯/৬

তারিখ: ৭.০৬.২০২০ খ্রি.

- সূত্র: ১। বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৩৮২২১/শেরপুর-৮১/৩৪৬১/৭; তারিখ: ১৮/১১/২০১৯ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৮৯৭০.০০১.০১.০১৮.১৮-৯৭; তারিখ: ০২ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন ঘাকপাড়া দাখিল মাদ্রাসার দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন অনিয়মের বিষয়ে শিক্ষার্থীদের অভিভাবক জনাব হাবিবুর রহমান অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-মাদ্রাসার সুপার প্রতারণার আশ্রয় নিয়ে মনগড়াভাবে ভোটার তালিকা প্রণয়ন, অভিভাবক সদস্য মনোনয়ন ফরমে প্রস্তাবকারী ও সমর্থনকারীর স্বাক্ষর সৃজন এবং কোন ধরণের প্রচার-প্রচারণা ছাড়াই অত্যন্ত গোপনে সুপারিকল্পিতভাবে কমিটির কার্যক্রম সম্পন্ন করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর-কে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়-ঘাকপাড়া দাখিল মাদ্রাসার সুপার তার প্রতিষ্ঠানের নবগঠিত ম্যানেজিং কমিটির সদস্যগণের পদত্যাগপত্র তাঁর কার্যালয়ে দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী নবগঠিত ম্যানেজিং কমিটির সকল সদস্য পদত্যাগ করায় কেন দাখিলকৃত কমিটি ভেঙে দেয়া হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

১। সভাপতি, ঘাকপাড়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: তন্তর, উপজেলা: নালিতাবাড়ী, জেলা: শেরপুর;

২। সুপার, ঘাকপাড়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: তন্তর, উপজেলা: নালিতাবাড়ী, জেলা: শেরপুর।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৩৮২২১/শেরপুর-৮১/৬৫৯/৬

তারিখ: ৭.০৬.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, শেরপুর;
২. জেলা শিক্ষা অফিসার, শেরপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর;
৪. জনাব হাবিবুর রহমান (অভিযোগকারী), গ্রাম: মন্ডলিয়াপাড়া, ডাকঘর: তন্তর-২১১০, নালিতাবাড়ী, শেরপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক ৩/৬/২০২০

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪